

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

নং-৪৬.০৪২.০৩৩.০১.০০.১৪৫.২০১১. ২৬০৬

তারিখঃ ২৪ পৌষ ১৪২৩
২৬ ডিসেম্বর ২০১৬


বিষয়ঃ ৫ম জাতীয় “বিদ্যুৎ ও জ্বালানি ক্যাম্প-২০১৬” বাস্তবায়নের জন্য আর্থিক সহায়তা প্রদান সংক্রান্ত।

- সূত্রঃ ১) জনাব মোঃ মোজাম্মেল হক খান, প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস এর পত্র নং-১৬, তারিখঃ ২০/১১/১৬।
২) জনাব মনোয়ার ইসলাম, এনডিসি, সচিব, বিদ্যুৎ বিভাগ এর ৭/১২/২০১৬ তারিখের ১২৬ নং আধাসরকারি পত্র।

স্কাউট ও রোভার স্কাউটদের বিদ্যুৎ সাশ্রয়ী ও সচেতন করে গড়ে তোলা এবং তাদের মাধ্যমে স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের এবং দেশের জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টিসহ বিকল্প জ্বালানী ব্যবহারে উদ্বুদ্ধ করার লক্ষ্যে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এবং বাংলাদেশ স্কাউটস এর পরিচালনায় রোভার স্কাউটদের জন্য ২০-২৪ ডিসেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত সকল জেলা সদরে এবং স্কাউটদের জন্য ২০-২৩ ডিসেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত দেশের সকল উপজেলা সদরে ৫ম জাতীয় বিদ্যুৎ ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত ৬০০টি ক্যাম্প মোট ৩৬,০০০ স্কাউট, রোভার স্কাউট অংশগ্রহণ করেন।

২। এমতাবস্থায়, ৫ম জাতীয় “বিদ্যুৎ ও জ্বালানি ক্যাম্প-২০১৬” উপলক্ষে জেলা পরিষদের ২০১৬-২০১৭ অর্থ বছরের রাজস্ব বাজেটের সংশ্লিষ্ট উপখাত হতে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা করে অনুদান প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


২৮ ১২ ১৬
(জুবাইদা নাসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা

..... জেলা পরিষদ।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।



মনোয়ার ইসলাম, এনডিসি
সচিব
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডি. ও. নং-২৭.০২০.০০৬.০০.০০.০০২.২০১৬.১২৬

তারিখ: ০৭/১২/২০১৬

বিষয় : ৫ম জাতীয় “বিদ্যুৎ ও জ্বালানি ক্যাম্প-২০১৬” বাস্তবায়নের লক্ষ্যে আর্থিক সহায়তা প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

দেশের সকল জেলা ও উপজেলায় ৪র্থ জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি ক্যাম্প ২০১৫ সফল ভাবে বাস্তবায়নে আপনার ব্যক্তিগত ও স্থানীয় সরকার বিভাগের সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ জানাই। আপনি হয়ত অবগত আছেন যে, অন্যান্য বছরের ন্যায় এবছরও বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এবং বাংলাদেশ স্কাউটের যৌথ উদ্যোগে দেশব্যাপী জাতীয় “বিদ্যুৎ ও জ্বালানি ক্যাম্প-২০১৬” আয়োজন করা হচ্ছে। এ আয়োজন সুষ্ঠুভাবে বাস্তবায়নে অন্যান্য বছরের ন্যায় এবারও স্থানীয় সরকার বিভাগের সহযোগিতা একান্ত প্রয়োজন।

স্কাউটস ও রোভার স্কাউটদের বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে সচেতন করে গড়ে তোলা এবং তাদের মাধ্যমে স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের এবং দেশের জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টিসহ বিকল্প জ্বালানি (সৌর বিদ্যুৎ, বায়োগ্যাস, উন্নত চুলা) ব্যবহারে তাদের উদ্বুদ্ধ করার লক্ষ্যে রোভার স্কাউটদের নিয়ে আগামী ২০-২৪ ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত সকল জেলা সদরে এবং স্কাউটদের নিয়ে আগামী ২০-২৩ ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত দেশের সকল উপজেলা সদরে ৫ম জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি ক্যাম্প অনুষ্ঠিত হবে। জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠেয় ৬০০টি ক্যাম্প মোট ৩৬০০০ জন স্কাউট ও রোভার স্কাউট অংশগ্রহণ করবেন। এবারের বিদ্যুৎ ও জ্বালানি ক্যাম্প গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে উদ্বোধন করবেন বলে আশা করা যাচ্ছে।

এমতাবস্থায়, ৫ম জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি ক্যাম্প-২০১৬ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে অন্যান্য বছরের ন্যায় এবছরও প্রত্যেক জেলা পরিষদ থেকে জেলা রোভার স্কাউটসকে এবং প্রত্যেক উপজেলা স্কাউটসকে ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা হারে আর্থিক অনুদান প্রদানের জন্য আপনার পক্ষ থেকে সকল জেলা প্রশাসকদের ডিও লেটার দেয়ার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

স্বাক্ষর

গণ-সচিব (প্রঃ) এর দপ্তর
স্থানীয় সরকার বিভাগ
রকম নং: ২৩৬
তারিখ: ০৭/১২/১৬
স্বাক্ষর: [স্বাক্ষর]
দপ্তর: [স্বাক্ষর]
সংখ্যা: প্রশাসন-১/২/জেপ

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) উপ-সচিব
৪) প্রিন্সিপাল
৫) উন্নয়ন
৬) শরণ উন্নয়ন
৭) পাস
৮) আই
নম্বর: ৪২২
তারিখ: ০৭/১২/১৬

আন্তরিকভাবে আপনার,

[স্বাক্ষর]
০৭.১২.২০১৬
(মনোয়ার ইসলাম)
সচিব

তারিখ নং: ০৭/১২/১৬ তারিখ: ০৭/১২/১৬
প্রোগ্রামের কার্যার্থে প্রেরিত হলো
গণ-সচিব (প্রশাসন)
গণ-সচিব (উপজেলা)
গণ-সচিব (অডিট)
গণ-সচিব ()
উপ-সচিব ()
সিঃ সঃ সচিব ()
পার্সোনাল অফিসার
অতিরিক্ত সচিব (প্রঃ)
স্থানীয় সরকার বিভাগ

জনাব আবদুল মালেক
সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

জেলা পরিষদ অধিশাখা
ডায়েরী নং: ৩২
তারিখ: ০৭/১২/১৬
উপ-সচিব